# শিশু শ্রমিক নীতিমালা
# Child Labor Policy

মন্ডল ইন্টিমেটস লি: শ্রমিক নিয়োগ সংক্রান্ত ব্যাপারে বিশেষ গুরুত্ব দিয়ে আসছে। মন্ডল ইন্টিমেটস লি: বিশ্বাস করে যে, সুষ্ঠ কর্ম পরিবেশ সৃষ্টির লক্ষ্যে প্রাপ্ত বয়স্ক শ্রমিক নিয়োগের কোন বিকল্প নেই। মন্ডল ইন্টিমেটস্ লিঃ এ কোন শিশু (Child) নিয়োগ হয় না; এবং কোন শিশু শ্রমিক যেন নিয়োগ না হতে পারে সে জন্য নিম্নোক্ত নিয়োগ পদ্ধতি অনুসরন করে থাকে।

- লোক নিয়োগের দিন কারখানার প্রধান গেটে মানব সম্পদ বিভাগের এক্সিকিউটিভ এবং আই.ই. অফিসার সহায়তায় কাঙ্ক্ষিত শ্রমিকদের খুজে বের করা হয়, যারা প্রাপ্ত বয়স্ক (১৮ এর উপরে)।
- মানব সম্পদ বিভাগের এক্সিকিউটিভ এবং আই.ই. অফিসার প্রাথমিক নির্বাচনী পরীক্ষা নিয়ে থাকেন, যেখানে তার অভিজ্ঞতা, দক্ষতা, পরিচিতি ইত্যাদি জিজ্ঞাসা করা হয়।
- প্রাথমিক নির্বাচনের পর তাকে ডাক্তারী পরীক্ষার জন্য কারখানার মেডিকেল অফিসারের কাছে পাঠানো হয়।
- যাদের এস,এস,সি পরীক্ষার সনদ পত্র থাকে তাদের ক্ষেত্রে সনদ পত্র দেখে বয়স নিরুপন করা হয়। স্কুল সার্টিফিকেট না থাকলে মেডিকেল অফিসার তাকে বিভিন্ন প্রশ্ন করে তার বয়স সম্পর্কে ধারনা নেন এবং তা বয়স নির্ধারনী ফরমে লিপিবদ্ধ করেন।
- যারা প্রাপ্ত বয়স্ক (১৮ এর উপর) তাদেরকেই চুড়ান্ত নির্বাচনী পরীক্ষার জন্য পাঠানো হয়।
- আবেদনকারীর সকল নথিপত্র যেমন - জন্ম গত সনদ/জাতীয় পরিচয় পত্র, শিক্ষাগত সনদ, ইউ. পি চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব এবং অভিজ্ঞতার সনদ ইত্যাদি মানব সম্পদ ও শিল্প প্রকৌশল বিভাগ পুঙ্খানুপুঙ্খরূপে যাচাই বাছাই করে নিয়োগ প্রদান করে থাকে।
- বয়স নির্ধারনের ক্ষেত্রে আমরা কোন স্বজন-প্রীতি বা পক্ষপাতিত্ব করি না ।
- নীতিটি বছরে একবার পর্যালোচনা, মূল্যায়ন ও প্রয়োজনে পরিমার্জন ও সংশোধন করা হয়।

| | | |
|---|---|---|
| প্রস্তুতকারী | মানবসম্পদ এন্ড কমপ্লায়েন্স বিভাগ | |
| অনুমোদনকারী | মহা ব্যবস্থাপক | |